# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**15 OCTOBER 2024** **7:45—7:55 PM IST**

=====================================================

১) নির্বাচন কমিশনের মহারাষ্ট্র ও ঝাড়খন্ডে বিধানসভা নির্বাচন ও আসাম সহ দেশের ৪৮ টি বিধানসভা আসনে উপ-নির্বাচনের দিন ঘোষণা।

২) কৃত্রিম বুদ্ধিমত্তার নৈতিক প্রয়োগের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আহ্বান।

৩) উপরাষ্ট্রপতি জগদীপ ধনকড়ের আগামীকাল থেকে দুদিনের আসাম ও মেঘালয় সফর।

এবং

৪) আগামীকাল কোজাগরী লক্ষীপুজো উপলক্ষে প্রস্তুতি অব্যাহত।

---

নির্বাচন কমিশন মহারাষ্ট্র ও ঝারখন্ডের বিধানসভা নির্বাচন সহ আসাম সহ দেশের ৪৮ টি বিধানসভা আসনে উপ নির্বাচনের দিন ঘোষনা করেছে । সেই অনুযায়ী আসামের ধলাই , সিদলী , বঙাইগাও , বিহালী ও সামগুরি আসনে খালি হোয়া ৫টি আসনের জন্য আগামী ১৩ ই নভেম্বর নির্বাচন অনুষ্ঠিত হবে ।

এদিকে মেঘালয়ের একটি ও সিকিমের দুটি বিধানসভা আসনের জন্য উপ নির্বাচন অনুষ্ঠিত হবে ।

-----------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সুরক্ষা , মর্যাদা ও ক্ষমতা সবই আলোচনার কেন্দ্র হওয়া উচিৎ বলে মন্তব্য করে কৃত্রিম বুদ্ধিমত্তার নৈতিক ব্যবহারের আহ্বান জানান । আজ নতুনদিল্লীর ভারত মন্ডপমে আন্তর্জাতিক দূরসংযোগ সঙ্ঘ আই টি ইউর বিশ্ব দূরসংযোগ মান নির্ধারণ সভা ২০২৪ এর উদ্বোধন করে প্রধানমন্ত্রী এই আহ্বান জানান ।তিনি বলেন যে বিশ্ব দূরসংযোগ মান নির্ধারণ সভা বৈশ্বিক মানের জন্য কাজ করে যাচ্ছে এবং ভারতীয় মোবাইল পরিষেবা ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে ।শ্রী মোদীঔ বলেন যে ভারত সম্প্রতি দূরসংযোগ ও আনুষাঙ্গিক প্রযুক্তি ক্ষেত্রে সবচাইতে সক্রিয় দেশ হিসেবে পরিগণিত হয়েছে ।তিনি বলেন যে ভারত সমাজের শেষ ব্যক্তিকে সেবা প্রদান করার উদ্দেশ্যে ডিজিটেল যোগাযোগকে ফলপ্রসু মাধ্যম হিসেবে গড়ে তুলেছে ।দেশের ডিজিটেল দৃষ্টিভঙ্গি কম খরচ ,সর্বত্র যোগাযোগ , বহনক্ষম ডাটা ও ডিজিটেল এই চারটি স্তম্ভের ওপর আধারিত বলে শ্রী মোদী উল্লেখ করেন ।তিনি বলেন যে ভারত বিশ্বের সর্ববৃহৎ বাজার হিসেবে পরিগণিত হয়েছে এবং সরকার বর্তমানে সিক্স - জি প্রযুক্তি সম্পর্কে ব্যাপকভাবে কাজ করে যাচ্ছে ।দেশের প্রায় প্রতিটি জেলা ফাইভ - জি নেটওয়ার্কের দ্বারা সংযুক্ত বলে প্রধানমন্ত্রী জানান । ভারত দেশে নির্মাণ করা মোবাইল ফোন বিদেশের বাজারে রপ্তানী করছে বলে উল্লেখ করে দ্রোণ ব্যবহারের ফলে কৃষিক্ষেত্রে বিপ্লবের সূচনা হয়েছে বলে প্রধানমন্ত্রী জানান ।

--------------------------------------------------------------------------

উপরাষ্ট্রপতি জগদীপ ধনকড় আগামীকাল দুদিনের আসাম এবং মেঘালয় সফরে আসছেন ।এই সফরকালে উপরাষ্ট্রপতি শ্রী ধনকড় শিলংয়ের মাওদিয়াংদিয়াঙয়ে মেঘালয় দক্ষতা ও উদ্ভাবন কেন্দ্রের ভিত্তি প্রস্থর স্থাপন করবেন । শ্রী ধনকড় শিলংয়ের তথ্য ও প্রযুক্তি উদ্যান ও রাজভবন পরিদর্শন করবেন এবং মুখ্যমন্ত্রী সহ অন্যান্য প্রবীণ আধিকারীকদের সঙ্গে এক বৈঠকে মিলিত হবেন ।

-----------------------------------------------------------------------

দেশের প্রাক্তন রাষ্ট্রপতি তথা প্রখ্যাত বিজ্ঞানী ডঃ এ পি জে আব্দুল কালামের আজ ৯৩ তম জন্ম দিবস ।ডঃ কালামের শিক্ষার প্রতি নিষ্ঠা ও সম্মান প্রদর্শণের জন্য আজকের দিনটি বিশ্ব শিক্ষার্থী দিবস হিসেবে পালন করা হয় ।এই দিবসের মূল বিষয়বস্তু হচ্ছে -পরিবর্তনের অভিকর্তা রূপে শিক্ষার্থীদের সবলীকরণ । এই দিবস উপলক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা প্রাক্তন রাষ্ট্রপতির প্রতি শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন ।সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেন যে ডঃ

কালামের চিন্তা এবং পরিকল্পনা বিকশিত ভারতের লক্ষ্যে উপনীত হতে সহায়তা করবে ।মুখ্যমন্ত্রী ডঃ শর্মা প্রাক্তন রাষ্ট্রপতি ডঃ কালমকে স্মরণ করে বলেন যে ভবিষ্যৎদর্শী এই নেতা লক্ষ লক্ষ লোককে বিকশিত ও শক্তিশালী ভারত গড়ে তোলার জন্য কাজ করে যেতে উদ্বুদ্ধ করেছেন ।ভারতবর্ষকে একটি উন্নত রাষ্ট্র হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে তাঁর অভিযান এগিয়ে নিয়ে যেতে তিনি যুব প্রজন্মের প্রতি আহ্বান জানান ।

-----------------------------------------------------------

ভারতীয় জনতা পার্টির হাইলাকান্দি জেলা সংখ্যালঘু মোর্চার উদ্যোগে আজ দলীয় কার্য্যলয়ে দেশের প্রাক্তন রাষ্ট্রপতি এ পি জে আব্দুল কালামের জন্ম দিন যথাযোগ্য মর্য্যাদায় পালন করা হয়েছে । প্রথমে এ পি জে আব্দুল কালামের প্রতিকৃতিতে দলের জেলা সভাপতি স্বপন ভট্টাচার্য্য , সংখ্যালঘু মোর্চার জেলা সভাপতি আনোয়ার হোসেন লস্কর ,কামাখ্য প্রসাদ পুরকায়স্থ প্রমূখ মাল্যদান করেন । পরে প্রাক্তন রাষ্ট্রপতি কালামের জীবন ও আর্দশ নিয়ে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

---------------------------------------------------------------

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ উচ্চতর মাধ্যমিকের প্রথম বর্ষের পরীক্ষার প্রশ্নপত্রের পদ্ধতি পরিবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করেছে । সেই অনুযায়ী ২০২৫ সালে অনুষ্ঠেয় উচ্চতর মাধ্যমিকের প্রথম বর্ষের পরীক্ষায় বিজ্ঞান , কলা ও বানিজ্য শাখার ১২ টি বিষয়ের প্রশ্নপত্রের পদ্ধতি নতুন হবে । বিদ্যালয় শিক্ষা পর্ষদের এসম্পর্কে জারি করা এক নির্দেশনা অনুযায়ী ১২ টি বিষয়ের থিয়রীর মোট নম্বরের ৫০ শতাংশ প্রশ্ন হবে এম সি কিউ ভিত্তিক ।এবং এতে প্রতিটি প্রশ্নের বিপরীতে ১ নম্বর করে থাকবে ।অন্যদিকে বাকী ৫০ শতাংশ প্রশ্ন অতি সংক্ষিপ্ত , সংক্ষিপ্ত , দীর্ঘ হবে ।নির্দেশনায় উল্লেখ করা অনুযায়ী বিজ্ঞান শাখার পদার্থ বিজ্ঞান , রসায়ন বিজ্ঞান ও জীব বিজ্ঞান বিষয়ের থিয়রীর ৭০ নম্বরের মধ্যে ৩৫ নম্বর এম সি কিউ ও বাকী ৩৫ নম্বর অতি সংক্ষিপ্ত , সংক্ষিপ্ত ,ও দীর্ঘ প্রশ্ন থাকবে । গনিত বিষয়ের থিয়রীর নম্বরের ১০০ নম্বরের মধ্যে ৫০ নম্বরের প্রশ্ন এম সি কিউ ও বাকী ৫০ নম্বেরের প্রশ্ন অতি সংক্ষিপ্ত , সংক্ষিপ্ত ও দীর্ঘ থাকবে ।কলা শাখার রাজনীতি বিজ্ঞান ও অর্থনীতির থিয়রীর ৮০ নম্বরের মধ্যে ৪০ নম্বরের প্রশ্ন এম সি কিউ , বাকী ৪০ নম্বরের প্রশ্ন অতি সংক্ষিপ্ত , সংক্ষিপ্ত ও দীর্ঘ থাকবে । বানিজ্য শাখার ব্যবসায়িক অধ্যয়ন , একাউন্টেন্সি , ফাইনান্স বিষয়ের থিয়রীর ৮০ নম্বরের মধ্যে ৪০ নম্বরের প্রশ্ন এম সি কিউ ও বাকী ৪০ নম্বরের প্রশ্ন অতি সংক্ষিপ্ত , সংক্ষিপ্ত ও দীর্ঘ থাকবে । এম সি কিউ প্রশ্নের উত্তরের জন্য ও এম আর সিট প্রদান করা হবে বলে সূত্রে জানানো হয়েছে ।

----------------------------------------------------------------

আগামীকাল কোজাগরী লক্ষ্মীপূজো উপলক্ষে শহর গ্রাম সর্বত্র উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হচ্ছে । এদিকে বাজার দোকানে পূজোর বিভিন্ন উপকরন ক্রয়ের জন্য ক্রেতাদের ভিড় পরিলক্ষিত হচ্ছে । ব্যবসায়ীরা ও স্থানে স্থানে লক্ষ্মী দেবীর মাটীর গড়া মূর্তি সহ নানাধরণের পসরা নিয়ে বসেছেন ।তিথি অনুযায়ী লক্ষ্মীপুজো ও এবার আগামীকাল ও পরদিন অর্থাৎ বৃহস্পতিবার দুদিন অনুষ্ঠিত হবে ।আগামীকাল সন্ধ্যায় পূর্নিমা শুরু হয়ে পরদিন বিকেল প্রায় পাচটা পর্যন্ত পূর্নিমা থাকবে । সেই অনুযায়ী ঘরের গৃহীনিরা পূজো আয়োজনের প্রস্তুতি নিচ্ছেন ।

এদিকে বরাক উপত্যকার তিনজেলায় ও পূজো মন্ডপ বাসগৃহ ইত্যাদিতে পূজোর প্রস্তুতি চলছে । শিলচর শহরের প্রায় সবগুলি দূর্গামন্ডপ এবং বাসগৃহে পূজো উপলক্ষে উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হচ্চে ।শহরের ফাটক বাজার , রাংগিরখাড়ি বাজার , ইটখলা বাজার , ন্যাশনেল হাইওয়ে বাজার , গুরুচরণ কলেজ সংলগন বাজার ইত্যাদিতে কেনাকাটার ব্যস্ততা দেখা যাচ্ছে ।

করিমগঞ্জ জেলায় ও পূজো উপলক্ষে ছন্তর বাজার সহ অন্যান্য প্রধান বাজারগুলিতে ক্রেতাদের ভীর পরিলক্ষিত হচ্ছে ।

হাইলাকান্দি জেলায় ও লক্ষ্মীপূজো উপলক্ষে উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হচ্ছে । শহর গ্রাম সর্বত্র প্রধান বাজারগুলিতে পূজোর নানা উপকরণ নিয়ে বসতে দেখা গেছে । অন্যদিকে ক্রেতাদের মধ্যে পূজোর নানা সামগ্রী কেনার উৎসাহ পরিলক্ষিত হচ্ছে ।

----------------------------------------------------------------------

রাজ্যের শক্তি , ক্রীড়া ও যুব কল্যান মন্ত্রী নন্দিতা গারলোসা আজ হাফলং-এ মুখ্যমন্ত্রীর ত্রান তহবিল থেকে ডিমা হাসাও জেলার বিভিন্ন প্রান্তের দরিদ্র সীমা রেখার নিচে থাকা বা নিম্ন মধ্যে বিত্ত পরিবারের সিভিল সার্ভিস প্রত্যাশীদের মধ্যে চেক বিতরন করেছেন । জেলা আয়ুক্ত সীমান্ত কুমার দাসের পৌরহিত্যে আয়োজিত সভায় বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শ্রীমতি গারলোসা বলেন যে এই আর্থিক সাহায্য ছাত্র-ছাত্রী মনোবল বৃদ্ধি করে তাদের লক্ষ্য পূরনে সহায়ক হবে ।

-------------------------------------------------------------------------

রাজ্য সরকারের খাদ্য ও অসামরিক সরবরাহ বিভাগ রেশন কার্ডের জন্য প্রপত্র জমা দেওয়ার শেষ সময়সীমা ২১ শে অক্টোবর পর্যন্ত বৃদ্ধি করেছে ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার অনুমোদন সাপেক্ষে গতকাল এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে বলে বিভাগীয় মন্ত্রী রণজিৎ দাস জানান ।দূর্গা পূজোর ছুটির পরিপ্রেক্ষিতে নির্ধারিত প্রপত্র জমা দেওয়া

যায়নি তাই এই সময়সীমা বৃদ্ধি করা হয়েছে বলেও তিনি উল্লেখ করেন ।মন্ত্রী শ্রী দাস জানান যে  রাজ্যের ১০ লক্ষ দুস্থ লোককে নতুনকরে রেশনকার্ড প্রদান করা সহ প্রত্যেক হিতাধিকারী আয়ুষ্মান কার্ড ও অরুণোদয় কার্ড লাভ করবেন ।

---------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা সমাজ কল্যান আধিকারীক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেবন যে শুধুমাত্র রেজিষ্টার্ড ট্র্যাভেল এজেন্সি থেকে বার্ষিক ভাড়ার ভিত্তিতে গাড়ি সরবরাহ করার জন্য দরপত্র আহ্বান করার সময়সীমা বৃদ্ধি করা হয়েছে।  বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে দরপত্র আগামী ১৯শে অক্টোবর বেলা দুটোর মধ্যে জমা দিতে হবে । বিশদ বিবরন জেলা সমাজ কল্যান আধিকারীকের কার্য্যলয়ে পাওয়া যাচ্ছে ।

------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলা কৃষি বিভাগের সহকারী কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে রাজ্যের কৃষি বিভাগের গ্রামীন পরিকাঠামো উন্নয়ন তহবিলের অধীনে ৮৫ শতাংশ সরকারী রেহাই মূল্যে ৪৪টি সৌরচালিত সোলার পাম্প বিতরন করা হবে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে যাদের ইতিমধ্যে অগভীর পাঁচ ইঞ্চি ডায়া পাইপ নলকূপ চালু আছে , কেবল তারাই আবেদন করতে পারবেন । এছাড়া ঐ প্রকল্পের অধীনে ৮৫ শতাংশ সরকারী রেহাই মূল্যে ৩০টি অগভীর নলকূপও বিতরন করা হবে । ইচ্ছুক কৃষকদের নির্ধারিত প্রপত্র পূরন করে আবেদন করতে বলা হয়েছে ।

------------------------------------------------------------------------

কাছাড় ,করিমগঞ্জ ও হাইলাকান্দি জেলার সব ইচ্ছুক ৫৫ বছরের কম গৃহ রক্ষী বাহিনীর স্বেচ্ছাসেবক যারা আগে এই পদে কাজ করেছেন , তাদের নিজ জেলা কার্য্যলয়ে এসে আগামী ২৫শে অক্টোবর থেকে ১৬ই নভেম্বরের মধ্যে প্রপত্র পূরণ করে আবেদন পত্র জমা করতে বলা হয়েছে । আবেদনের সময় বয়সের প্রমাণ পত্র , প্যান কার্ড , আধার কার্ড , পাসপোর্ট সাইজের ফোট জমা করতে হবে ।

---------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং কালাইন ডিভাইন ফাউন্ডেশনের সহযোগীতায় আগামী ২১শে অক্টোবর কালাইন চা বাগান হাসপাতালে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

------------------------------------------------------------------